

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

১০০৫

নং-সিএএবি/প্রঃ/আইন/৮৩/০৪(অংশ-১)/

তারিখ : ১০/০৮/২০১০ খ্রিঃ।

বিষয় : প্যানেল আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তির জন্য পুনঃ দরখাস্ত আহবান।


জেলা জজ আদালত, ঢাকাসহ অধঃস্তন আদালতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্বার্থসংশ্লিষ্ট মামলা পরিচালনার জন্য শুধুমাত্র জেলা জজ আদালত, ঢাকাসহ অধঃস্তন আদালতে প্রাপ্তিসরত আইনজীবীগণের মধ্য হতে কিছুসংখ্যক প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী আইনজীবীদের নিকট হতে পুনরায় দরখাস্ত আহবান করা যাচ্ছে :

যোগ্যতা ও অভিজ্ঞতা :

- (ক) আইন পেশায় কমপক্ষে ১০-১৫ বছরের অভিজ্ঞতাসহ প্রার্থীদের জেলা জজ আদালত, ঢাকাসহ অধঃস্তন আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা এবং অবশ্যই নিজস্ব চেম্বার থাকতে হবে।
- (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং কর্তৃপক্ষের প্রয়োজনে ও নির্দেশনা অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণ/পরিদর্শনের জন্য ঢাকার বাইরে যাওয়ার জন্যও প্রস্তুত থাকতে হবে।
- (গ) আবেদনকারীর বয়স অবশ্যই অনধিক ৬০(ষাট) বছর হতে হবে।

অন্যান্য শর্তাবলী :

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের পর বিভিন্ন জেলা জজ আদালতে মামলা পরিচালনার ক্ষেত্রে কর্তৃপক্ষের নির্ধারিত হার/ফি অনুযায়ী প্রাপ্য পরিশোধ করা হবে। এর অতিরিক্ত কোন বেতন/ভাতা দেয়া হবে না।
- ০৩। প্যানেল আইনজীবীগণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) বছরের জন্য নিযুক্ত হবেন। পৃথক পৃথকভাবে সন্তোষজনক কাজের মূল্যায়নের ভিত্তিতে যে কোন প্যানেল আইনজীবীর কার্যকাল নবায়ন করা যেতে পারে।
- ০৪। প্যানেল আইনজীবী নিয়োগ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করা হবে।
- ০৫। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন প্যানেল আইনজীবীর কর্ম অবসর বা অব্যাহতি প্রদান করতে পারে।
- ০৮। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ০৯। ইতোপূর্বে যারা উল্লিখিত পদের জন্য আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ১০। আগ্রহী আইনজীবীগণ নাম, পিতা/স্বামী ও মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি, হালনাগাদ বাস্তবায়নকৃত বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদ, সংশ্লিষ্ট অন্যান্য কাগজাদি (যদি থাকে) এবং কর্তৃপক্ষের চেয়ারম্যান এর অনুকূলে (অফেরতযোগ্য) ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের ২১(একুশ) দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ বরাবরে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।



(নুরুল ইসলাম)

পরিচালক (প্রশাসন)

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।